

সি ডিভিশন লীগ

জয়ে ফিরলো ইকফাই

ইকফাই একসি : ১ (সাচলাং)

জম্পুইজলা : ০

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ২৪ জুন : সাদামাটা ম্যাচে সাচলাং জমাতিয়ার দেওয়া একমাত্র গোলে জম্পুইজলা পেল সেন্টারের বিরুদ্ধে জয় নিয়ে মাঠ ছাড়লো ইকফাই ফুটবল ক্লাব। শনিবার উমাকান্ত মিনি স্টেডিয়ামে সি ডিভিশন লীগ ফুটবলের গ্রুপ এর ম্যাচে ইকফাই ফুটবল ক্লাব ১-০ গোলে জম্পুইজলা পেল সেন্টারকে হারায়। ম্যাচের ছেয়টি মিনিটে ইকফাই একসি টিমের হয়ে একমাত্র গোল করে সাচলাং জমাতিয়া।

ম্যাচের শুরু থেকেই পরিকল্পনামূলক ও ছন্দছাড়া ফুটবল খেলে গেছে উভয় দলই। যার ফলে ম্যাচে গোল পাচ্ছিল না কোনও দলই। এর মধ্যে দুদলই বেশ কিছু

সুযোগও নষ্ট করে এ দিন। প্রথমার্ধের খেলা গোলশূন্য ছিল।

ম্যাচের দ্বিতীয়ার্ধের একশ মিনিটে শেষ পর্যন্ত গোল পায় ইকফাই একসি। গোল করে সাচলাং জমাতিয়া। আসরে ইকফাই একসির এটি চার নম্বর ম্যাচ ছিল। চার ম্যাচ খেলে ইকফাই দুটি জিতেছে, একটি ড্র করেছে ও একটি হেরেছে। চার ম্যাচ শেষে ইকফাই একসির এখন সাত পয়েন্ট। অন্যদিকে, জম্পুইজলার এটি দুই নম্বর ম্যাচ ছিল। একটিতে ড্র করেছে ও একটি হেরেছে। দুই ম্যাচে এক পয়েন্ট তাদের। রেফারি আদিত্য দেববর্মা।

দিনের খেলা

ইউবিএসটি ও উমাকান্ত কোচিং সেন্টার। বিকাল চারটা।

Dainik Sambad. dt. 25.06.2023 12x7 cm

জম্পুইজলাকে পরাস্ত করে পয়েন্ট তালিকার শীর্ষে ইকফাই

স্টাফ রিপোর্টার : আগরতলার মাঠে বরাবরই রাজত্ব করে জম্পুইজলার ফুটবলাররা। হঠাৎ করেই যেনো তাদের ছন্দপতন হয়ে যাচ্ছে। এদিন রীতিমতো চমক দিয়ে জম্পুইজলার কাছ থেকে পুরো পয়েন্ট ছিনিয়ে নিলো ইকফাই। ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত চলতি তৃতীয় ডিভিশন লীগ ফুটবলে শনিবার উমাকান্ত মিনি স্টেডিয়ামে দ্বিতীয় ম্যাচে ইকফাই ১-০ গোলে জয়লাভ করে। কোনো সময়ই জম্পুইজলার সেই পরিচিত ফুটবলকে এদিন মাঠে খুঁজে পাওয়া যায় নি। এবারই প্রথম আত্মপ্রকাশ ঘটে

ইকফাই ফুটবল ক্লাবের। শুরু থেকেই উভয় দল নিজেদের রক্ষণের উপর অতিমাত্রায় গুরুত্ব দেয়। যে কারণে ওপেন ফুটবল যা বুঝায় সেটা দেখা যায়নি মাঠে। মাঝমাঠের দায়িত্বে থাকা ফুটবলাররা খুব বেশি ওভার ল্যাপে উপরে উঠতে চায়নি। যে কারণে যে কিছু আক্রমণ হয়েছিলো সেগুলি তেমন ধারালো হয়ে উঠতে পারেনি। প্রথমার্ধ ম্যাচের গোলশূন্যই থেকে যায়। বিরতির পর কিছুটা বর্ণনীয়ভাবে পরিবর্তন আনে ইকফাই। ম্যাচের দুই প্রান্তকে ব্যবহার করার চেষ্টা করে। এতে সাফল্যও আসে। ম্যাচের ৬৬

মিনিটে সাচলাং জমাতিয়া ইকফাইয়ের পক্ষে একমাত্র গোলটি করে। পিছিয়ে পড়ে কিছুটা আক্রমণাত্মক ফুটবল খেলার চেষ্টা করে জম্পুইজলার ফুটবলাররা। কিন্তু ওই সময়ে ইকফাইয়ের রক্ষণভাগ একেবারে জমাটি ছিলো। যে কারণে তাদেরকে ভেদ করে জাল নাড়ানো সম্ভব হয়নি। এদিন জম্পুইজলার ফুটবলারদের মধ্যে বুঝাপড়ার অভাব স্পষ্ট ছিলো। সুযোগের সদ্ব্যবহার করে ম্যাচ থেকে পুরো পয়েন্ট ইকফাই তুলে নিতে সক্ষম হয়। মোটামুটিভাবে ধারাবাহিকতা বজায় রেখেই দলটি খেলে চলেছে।



Ajkes Fariad. dt. 25.06.2023 16x12 cm

Jampuzala beat by Sachlang's goal Ikfai Football Club top group again

Times Sports

Agartala, June 24: Ikfai Football Club returned to victory. They defeated the Jampuzala Football Club. A second win at the head of the fourth match lifted Ikfai Football Club to the top of the group once again. Ikfai Football Club defeated Jampuzala Football Club by narrow margin on Saturday in the seventh match of 'A'-Group of Domestic C-

Division League Football organized by Tripura Football Association.

After a hard-fought first half that ended in a goalless draw with every attack, the second half saw the game become even more intense. After 66 minutes of the game, Ikfai Football Club's chance-seeking striker Sachlang Jamatia scored a goal to give the team a one-nil lead. In the next period, the boys of Jampuzala Football Club tried several times but

did not get the opportunity to pay the goal.

On the other hand, the footballers of Ikfai could not use the opportunity to increase the goal difference. In addition, two players from both sides, Jimen Jamatia and Durjoy Banil, were shown yellow cards by the referee for misconduct in the game. Aditya Debbarma was the referee of the match.
Ikfai: 1 (Sachlang)
Jampuzala: 0

Tripura Times dt. 25/06/2023

12.5 x 7.5 cm